চিকিৎসকরা বলছেন, থাইরয়েড বাডলে বা কমলে যে ওষুধগুলো দেওয়া হয় সেসব অনেক পুরোনো। সব ওষুধেরই পার্শ্বপ্রতিক্রিয়া থাকে। কিন্তু সেই সমস্যার সমাধান যতক্ষণ না ফার্মাকোলজির কোনও বইয়ে উঠে আসছে ততক্ষণ তাকে ডাক্তারি স্বীকৃতি দেওয়া মুশকিল।

Notable Discovery in the Research Laboratory of Professor Mahendra Nath Roy, University of North Bengal

In the global statistics, approximately 21 percent of people are directly associated with smoking, and in this country, the prevalence of cancer due to tobacco use is around 40 percent, and this rate is increasing day by day. Tobacco consumption leads to cancers in various parts of the respiratory and digestive systems. From a last year report it is known that

cigarettes not only accelerate the cancer but also intensify other respiratory diseases such as asthma and bronchitis. Despite efforts to raise awareness and discuss the harmful effects of smoking, the




number of smokers continues to rise. Now the question arises, why is smoking so harmful? The harmful compounds present in cigarette smoke, such as superoxide ion radicals and hydroxyl radicals, are the most detrimental. When these harmful radicals enter into the body, they cause oxidative stress, damaging lung tissues and leading to various diseases. Scientists have attempted to reduce the impact of these harmful effects through modifications in cigarette filters, incorporating antioxidant filters like

sinogenol and lycopene, but their thermal stability leads to their inefficacy.

Prof. Roy who is the senior Professor of Chemistry, North Bengal University and Former Founder Vice Chancellor of Alipurduar

University and his Research Group have successfully formed synthetic nanoenzymes. They have named them "nanozyme," which act as supplements to various types of bioenzymes. Bioenzymes require considerable expenses and are not practical to function outside specific environments, while synthetic nanoenzymes can work in any environment and are much more

cost-effective. Prof. Roy and his team have successfully developed copper sulfide nanoparticle catalysts using co-precipitation in his Chemical Laboratory at NBU.



ROS scavenges by CuS NPs



They have conducted extensive tests on the four most commonly used types of cigarettes in India using the *in vitro* method to examine their efficiency in neutralizing harmful radicals. Prof. Roy has stated that his Research Scholars are relentlessly researching to insert nano-sized particles within cigarettes to eliminate detrimental radicals, to reduce the harmful effects of smoking. Their research has been published in the *Inorganic Chemistry Journal* of the American Chemical Society. The Research Scholars who are significantly involved in this work include Salim, Suranjan, Shatarupa, Modhu, Kangkan, Priyanka, Doli, Ayesha, Debadrita, Mantu, Anindita, and Shubhajit, Baishali, Paramita, Ankita and Ajit. Salim Ali is the main investigator of this noble discovery.



১০

খবরাখবর

নিকোটিন শুষে নেবে ন্যানোজাইম

ধূমপানের কুপ্রভাব কাটাতে এনবিইউয়ের গবেষকদের গবেষণায় নতুন দিশা

অনিমেধ দত্ত

শিলিগুড়ি, ১৭ এপ্রিল - ধূমপান ছাড়াই শুষে হনিকোটিন। একথা অতি থেকে অধি সারসেই জানেন। তথা কালে, বিশ্বে ২১ শতাংশ মানুষ মাসেসি ধূমপান করেন। সিগারেটের শ্যাকটেও লুচু লুচু করে দেখা থাকে, এটি সেরন করলে কানসের হয়ে পড়ে। একই সেই সিগারেটের ক্ষতিকারক প্রভাব থেকে রক্ষার উপায় খের করে নতুন বিদ্যা সেলসনে উত্তরক বিশ্ববিদ্যালয়ের প্রবন্ধন বিভাগের অধ্যাপক ডাঃ মহেশচন্দ্র রায় একা তারি গবেষণাকর্মের সফলতা।

সম্প্রতি আমেরিকার ইনস্টিটিউট অফ মেডিসিন প্রকাশিত হয়েছে মহেশচন্দ্র ও তারি কলে গবেষণার কথা। আমেরিকার বিদ্যার কেমিকাল সোসাইটি তারি করে এই জাননি প্রকাশ করে। লক্ষ্যবস্তুভাৱে অধ্যাপক মহেশচন্দ্র এক বছর করে একলা তরল গবেষণার মিলে উত্তরক বিশ্ববিদ্যালয়ের প্রবন্ধন

লাবরেটরিতে গবেষণা চলিয়ে এক ধরনের নতুন পলিটিকাল হনিকোটিন, যা নিজে সিগারেটে থাকা নিকোটিনের ক্ষতিকারক প্রভাব অনেকটাই কমিয়ে দেয়া হবে। এই ন্যানো পলিটিকালের নাম দেওয়া হয়েছে 'ন্যানোজাইম'।

মানুষের দুস্বাস্থ্য আসের মতো। ইনফিনি সিগারেট সেবনের সঙ্গে আসেসো যা হেলসক নিকোটিন মানুষের তুলস্বাসে নিজে জমা হয়। কলে খীরে খীরে ধূমপানের জাল নই হয়ে যায়। নিকোটিনের এই ক্ষতিকারক প্রভাবে মানুষের শরীরে বিভিন্ন ধরনের রোগ সেনে স্বাস্থকই, রক্তচাপ, এমনকি গলসের কলে পড়ে। মহেশচন্দ্র বলেন, 'মুদ্রাসের সময় যে খেরি আসে, তাকে নিকোটিন আসে। সিগারেটের সিগারেট এই ন্যানোজাইম লপিয়ে নিজে হবে। এরপর সেই ন্যানোজাইম ধূমপানের সময় নিকোটিন আসে মেয়ে। কলে নিকোটিন শরীরে ঢুকতেই পারবে না।'

যে কেমিও গবেষণায় প্রাথমিক কলে নতুন পলিটিকাল মিলে নিজে যায়। প্রথমে আমেরিকার এই



ন্যানোজাইম কী?

- ন্যানোজাইম এক ধরনের ন্যানো পলিটিকাল
- ম্যানোসিয়াম, ক্যালসিয়াম সহ বিভিন্ন লুচু নিজে তৈরি
- সিগারেটের সিগারেট ন্যানোজাইম লাগানো থাকলে তা নিকোটিন শুষে নেবে

জানলে নিকোটিন গবেষণার পলিটিকাল মহেশচন্দ্র। তিনি বলেন, 'ওখানে পটাশের পর সেলসকার বিজ্ঞানীরা লাগাতেও



উত্তরক বিশ্ববিদ্যালয়ের ল্যাবে গবেষণার মধ্য ডাঃ মহেশচন্দ্র রায়।

আমাদের কাজ ঘাসই করে সেসে। একটা খেরি খেরি কলে করতে আসেন। আমরা দেখলে খের টিক করে পটাশের পরই খের আমদের কাজটা ঠিকুরি নিজে জানলে তরল আসেন। তিনি জানসেন, ম্যানোসিয়াম, ক্যালসিয়াম সহ বিভিন্ন লুচু নিজে তৈরি করা হয়েছে এই ন্যানোজাইম। ন্যানোজাইমের প্রভাব সময়ে করটা পড়বে পারে। অলিগুতুলুর

বিশ্ববিদ্যালয়ের প্রবন্ধন উপচার মহেশচন্দ্রের কথা, 'পরিবেশ, মানুষের শরীর-স্বাস্থ্য ইত্যাদি নিজে কাজ করলে তার একটা সুস্বাস্থ্যই প্রভাব সময়ে পড়বে। এই জানে থেকেই এই কাজটায় হার নিজেছিলে। আমরা অংশবী, তবিলতে ন্যানোজাইম লাগায় করে নিকোটিনের ক্ষতিকারক প্রভাব থেকে সময়ে অনেকটা রক্ষা করতে পারবে।'

ন্যানোজাইমের পেটেন্ট করা প্রক্রিয়া মহেশ। তারি খুচি, 'আ এই জানে থেকেই কাজটা করা হবে সফল মনুষ্য স্বাস্থ্য আরও সফল হন। পেটেন্ট হতো প্রুত রোগের সফল সেটা আমদের উদ্দেশ্য না। যা খেরি প্রত্যেকটি রোগেরই সিগারেট ন্যানোজাইম লাগায় করল, যা এর ক্ষতিকারক প্রভাবটা একমল লি সেনা যায়।'

মহেশচন্দ্রের সঙ্গে গবেষণার কাজ করসেন এনবিইউ প্রবন্ধন বিভাগের প্রবন্ধন গবেষণার অধি, শতাংশ জা মনুষ্য মনুষ্য, কলকিত টু, মনুষ্য, অংশে প্রোসেরা। তারি মনুষ্য নিকোটিনের কেমিকাল গবেষণার প্রবন্ধন। পরে এনিয়ে অধ্যাপক গবেষণা করে। বিজ্ঞানী মহল আমদের কাজটা ঠিকুরি করে তবিলতে এ নিজে আসে কাজ হবে। সেলিই এই গবেষণা পলিটিকাল।

(Date: 07-05-2023)

ভারতে সর্বাধিক প্রচলিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

চন্দ্রবাজার পত্রিক

সর্বভারতীয় সাধারণ সম্পাদক সানেন। অভিযেক বন্দোপাধ্যায় গত বুধবার জেলার শীর্ষ নেতাদের নিয়ে বৈঠকে করেন। দল সূত্রে দাবি, সেখানে তিনি জানিয়েছেন, পঞ্চায়েত ভোট পর্যন্ত জেলা দেখবেন প্রাক্তন সানেন অর্পিতা ঘোষ।

দলের জেলা সভাপতি জেলা সভাপতি মুণ্ডাল সরকার বলেন, "সবার সামনে সেদিন অভিযেকনা বলেছেন, পঞ্চায়েত ভোট পর্যন্ত জেলা দেখবেন অর্পিতা ঘোষ।" ওই বৈঠকে জেলার আটটি ব্লকের সভাপতি,

ওই বৈঠকে দলের নেতাদের মধ্যে থাকা দ্বন্দ্ব মিটিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছিলেন অভিযেক। তার পরেই মুণ্ডাল, অর্পিতা ও গৌতমের মাঝে দুরত্ব মিটেছে বলে দলের তরফে দাবি করা হয়েছে। অভিযেক জেলা ছাড়ার পর থেকেই, গঙ্গারামপুরে মুণ্ডালের দলীয় কার্যালয়ে গৌতম নিয়মিত বসছেন। গৌতম বলেন, "আমরা সবাই একই আছি। সবাইকে এক সঙ্গে কাজ করে দলকে এগিয়ে নিয়ে যেতে হবে। আমাদের মধ্যে আর কোনও দুরত্ব নেই।"

গবেষণায় কৃত্রিম উপায়ে তৈরি অ্যান্টি অক্সিড্যান্ট

নীতেশ বর্মণ

শিলিগুড়ি

আনাজ থেকে ডাল, তেল এমনকি প্যাকেটভাজা নানা খাবারেও বর্তমানে নানা ধরনের রাসায়নিক মেশানোর অভিযোগ উঠে। অনেক সময় খাবারের বিক্রিয়াম মৃত্যু পর্যন্ত হয়। খাবারের বিক্রিয়ার শরীরে বেশি করে 'ফ্রি রেডিক্যাল' তৈরি ফলে নানা ধরনের রোগের বাসা হচ্ছে বলে জানাচ্ছেন চিকিৎসকদের একাংশ।

তার মধ্যে উল্লেখযোগ্য হল গ্যাস, অম্বল। চর্ম রোগ থেকে পেটের রোগ, বার্ধক্য জনিত রোগ এমন কী, ক্যানসারেও আক্রান্ত হচ্ছেন কেউ কেউ। এই ফ্রি রেডিক্যাল ধ্বংস করে অ্যান্টি অক্সিড্যান্ট। অ্যান্টি অক্সিড্যান্টে কোষগুলিতে ওই ফ্রি রেডিক্যালের ক্ষতিকারক দিক থেকে রক্ষা করে এবং ক্যানসারের মত কিছু প্রাণ ঘাতক রোগ প্রতিরোধে এবং বার্ধক্যজনিত রোগ প্রতিরোধে সহায়তা করে বলে দাবি।

বেশিরভাগ খাদ্যের মধ্যে এই অ্যান্টি অক্সিড্যান্টগুলি প্রাকৃতিক ভাবেই পাওয়া যায়। যার মধ্যে শাক সবজি এবং ফলমূল অন্যতম। কিন্তু বিশেষ শারীরিক সমস্যায় এবং অসুস্থতায় এই অত্যাবশ্যক অ্যান্টি অক্সিড্যান্টগুলির ভারতমা ঘটে। যা কী না অন্য শারীরিক দুরাবস্থা তৈরি

করতে পারে। তখন বাইরে থেকেই কৃত্রিম উপায়ে অ্যান্টি অক্সিড্যান্ট নেওয়া অত্যাবশ্যক হয়ে পড়ে। সেই চিন্তাকে মাথায় রেখেই উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক পড়ুয়া গবেষণায় কৃত্রিম উপায়ে অ্যান্টি অক্সিড্যান্ট তৈরি করেছে। তাঁরা কৃত্রিম এই উৎসেচকের নাম দিয়েছেন ন্যানো এনজাইম বা নেনোজাইম। ইউএসএর কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং জার্নালে তা প্রকাশ পেয়েছে।

গবেষণার প্রধানের দায়িত্বে ছিলেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রধান তথা আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহেন্দ্রনাথ রায়। তিনি জানিয়েছেন, তাঁরা যে ন্যানো এনজাইম তৈরি করেছেন তা বিভিন্ন ধরনের বায়ো এনজাইমের পরিপূরক। ম্যাসানিজ অক্সাইড ও গ্রাফাইটিক কার্বন নাইট্রাইটের সংযুক্তি ঘটিয়ে ল্যাবে পরীক্ষা করে কম্পোজিট তৈরি করা হয়েছে এবং বিভিন্ন অত্যাধুনিক পরীক্ষা নিরীক্ষা দ্বারা তাঁদের সংযুক্তি প্রামাণ্য হয়েছে বলে দাবি। তাঁদের তৈরি নেনোজাইমটি চার ধরনের অ্যান্টি অক্সিড্যান্ট এনজাইমের পরিপূরক হিসাবে কাজ করতে সক্ষম। চার ধরনের ক্ষতিকারক ফ্রি রেডিক্যাল ধ্বংস করতে সক্ষম বলে গবেষণায় প্রমাণিত বলে দাবি।

মহেন্দ্রনাথ রায়ের সঙ্গে গবেষণায় ছিলেন সেমিল আলি, মধুসূদন মণ্ডল, শতরঞ্জা বসাক, প্রিয়ান্কা রায়, অজিত টুডু, ডলি রায়, বিপ্লব রাজবংশী, সুরঞ্জন সিকদার এবং আরও কয়েকজন গবেষণারত পড়ুয়া। মহেন্দ্রনাথ বলেন, "খাবারে বিক্রিয়া আগামী দিনে জন্মানক আকার নিচ্ছে। সে জন্য সাবধনতা জরুরি। আমরা আশাবাদী মানুষের সেবায় তা কাজে লাগবে।"

বায়োকেমিস্ট বিশেষজ্ঞ সুশ্রুত সেন বলেন, "কৃত্রিম ভাবে অ্যান্টি অক্সিড্যান্ট ন্যানো এনজাইমের সাধারণ অ্যান্টি অক্সিড্যান্টের মতই কাজ করতে পারবে। ভাল গবেষণা।"

রাজ

বালুরঘাট: আ দিনাজপুরের রাজাপাল সিবি তপন ব্লকের বেসরকারি বি অনুষ্ঠানে তিনি গিয়েছেন। শনি অধীন ওই স্কুলের অ নুরানি জানা রাজাপাল সি বি আরোহাটিন বিজিন কুমার আনবেন বর্ড এখনও সরব পাননি।

প্রক

কোচবিহার:

মহারাজা হাসপাতাল তুলতে এর সূচনা হল। খাগড়াবাড়ি হাসপাতালে নির্বাসন বিভাগ স বিভাগের সূচনা হয়। উদ্বোধন ব মেডিক্যাল রোগী ক পার্থপ্রতি: কোচবিহা কাদিয়ান, সুকান্ত বি পার্থপ্রতি দফতরের রাজ আ হাসপাত হবে।"

বালুরঘা

কুলন্ত সকালে এলাকা দাস (মিশারি অবসা গলায় প্রার্থ


ফ

জল

অভিনব আবিষ্কার অধ্যাপক এবং উপাচার্য মহেন্দ্রনাথ রায়ের তত্ত্বাবধানে।



বর্তমান সময়ে বিভিন্ন প্রসাধনী ও বিজ্ঞাপনের কল্যাণে এন্টি অক্সিজেনেস্ট নাম সর্বকালের জানা। বিভিন্ন প্রচেষ্টা ফুড এবং ঔষধের গায়েও এন্টি অক্সিজেনেস্ট নামটি লেখা থাকে। এখন কথা হল কি এই এন্টিঅক্সিজেনেস্ট, এন্টিঅক্সিজেনেস্ট হলো খাদ্যের মধ্যে থাকে এক প্রকার অণু যা প্রাকৃতিক উপায়ে শরীরকে বিষমুক্ত করতে সাহায্য করে। সঠিক জীবন ধারণের জন্য মানুষের দেহের কোষ গুলির মধ্যে প্রতিনিয়ত অত্যাবশ্যক ক্রিয়া বিক্রিয়াগুলি সংঘটিত হয় এই সমস্ত ক্রীড়া বিক্রিয়ার কারণে প্রতিনিয়ত মুক্ত মৌল বা ফ্রি রেডিক্যাল তৈরি হয় এবং দেহের মধ্যে জমা হতে থাকে। সামান্য পরিমাণে মুক্ত মৌল শরীরে বিশেষ ক্ষতি না করলেও বেশি পরিমাণে মুক্ত মৌল বা রেডিক্যাল আমাদের কোষের চর্বি প্রোটিন এবং ডিএনএকে আক্রমণ করে বিভিন্ন সংক্রামক রোগ এবং বার্ধক্য জনিত প্রক্রিয়াকে ত্বরান্বিত করে। শুধু তাই নয় ফ্রি রেডিক্যালের কারণে বিভিন্ন প্রদাহ দাহ রোগ যেমন হৃৎকের রোগ প্যাস অঞ্চল অ্যালার্জিয়ার এবং ক্যান্সার পর্যন্ত হতে পারে। এন্টিঅক্সিজেনেস্ট কোষগুলিকে এসব মুক্ত Radical ক্ষতিকারক দিক থেকে



Nanozyme

রক্ষা করে এবং এগুলি ক্যান্সারের মতো কিছু প্রাণঘাতী রোগ প্রতিরোধে এবং বার্ধক্য জনিত রোগ প্রতিরোধে সহায়তা করে। যদিও বেশিরভাগ খাদ্যের মধ্যে এই এন্টিঅক্সিজেনেস্টগুলি প্রাকৃতিকভাবেই পাওয়া যায়, যার মধ্যে শাকসবজি এবং ফলমূল অন্যতম কিন্তু বিশেষ বিশেষ শারীরিক সমস্যায় ও অসুস্থতায় এই অত্যাবশ্যক এন্টিঅক্সিজেনেস্ট গুলির ভারতম্যা ঘটে। যা কিনা অন্যান্য বিভিন্ন শারীরিক দুরবস্থা তৈরি করতে পারে সেই অবস্থায় বাইরে থেকেই কৃত্রিম উপায়ে এন্টিঅক্সিজেনেস্ট নেওয়া আবশ্যিক হয়ে পড়ে।

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তথা আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মহেন্দ্রনাথ রায়ের তত্ত্বাবধানে তার সহযোগিতা সহযোগীরা কৃত্রিম উচ্চচক সফলভাবে তৈরি করেছেন। এই কৃত্রিম উৎসেচক গুলিকে তারা নাম দিয়েছেন ন্যানোজাইম বা নেনো এনজাইম যা কিনা বিভিন্ন ধরনের বায়ো এনজাইম গুলির পরিপূরক এতে যেমন খরচ অনেক কমে যায় সাথে সাথে যে কোন পরিবেশেই তাদের কর্মকৌশল বজায় থাকে। এই নেনো এনজাইমের চার ধরনের বায়ো এনজাইমের কর্মকৌশল নকল করতে সক্ষম যেগুলি আবার জৈবিক এন্টিঅক্সিজেনেস্টের কার্যকারিতা ধারক ও বাহক। মহেন্দ্র বাবুর রসায়নগারি মাস্টারনিজ অক্সাইড ও প্রাকফাইটিক কার্বন নাইট্রাইট এর সংযুক্তি ঘটিয়ে সফলভাবে একটি কম্পোজিট তৈরি করা হয়েছে এবং বিভিন্ন



Mechanism of Antioxidant activity

অত্যধিক পরিষ্কার নিরীক্ষা দ্বারা তাদের সফল সংযুক্তি প্রমাণ করা হয়েছে। উক্ত নেনো ইনজোমটি চার ধরনের এন্টিঅক্সিজেনেস্ট এনজাইমের নকল করতে সক্ষম যেগুলি হল superoxide dismutase (SOD), catalase (CAT), (Peroxidase)POD, Oxidase(OD)। এবং এই চার ধরনের এন্টিঅক্সিজেনেস্ট এনজাইম ক্ষতিকারক মুক্ত মৌল যেমন H₂O₂ (hydrogen peroxide), •OH(hydroxyl radical) O₂^{-•}(superoxide anion radical), এদের সফলভাবে নিমূল করতে পারে। বর্তমানে গবেষণাটি বিখ্যাত কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং জার্নালে প্রকাশিত হয়েছে যা এলসিভিআর গ্রুপ ও পাবলিকেশনের অঙ্গগতি (IF-16.744)। যারা প্রত্যক্ষভাবে ভাবে এই কাজটির সঙ্গে জড়িত তারা হলেন সেলিম আলী, মধুসূদন মন্ডল, শতরূপা বসাক, সুরঞ্জন সিকদার, কঙ্গন মল্লিক, আয়েশা হোসেন, ফিরোজ আলম, অজিত চুড, প্রিয়াঙ্কা রয়, ডলি রয়, বিশ্বজিৎ ঘোষ, বিপ্রব রাজবংশী, নিলয় রয়, দেবানুভা রয়, মনুটোয়া, অনিন্দিতা পোন্দার পারমিতা, অম্বিতা, শুভাঞ্জিৎ । বিশেষভাবে অল্প জন্মিত রোগ হৃৎকের রোগ এবং ক্যান্সার জন্মিত মারাত্মক রোগ প্রকৃতি থেকে পরিষ্কার পেতে পারি আশা করা যায় এই কাজটি জনকল্যাণ এবং সমাজের কাজে কার্যকরী হবে। ।



শরীরে ক্ষতি এড়াতে খাবার সংরক্ষণে নয়া দিশা

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গবেষণায় সাফল্য

শিলিগুড়ি, ৯ অগাস্ট: জাম, জেলি, ঠান্ডা পানীয় বা চিপস, প্যাকেটজাত নানা খাবার প্রতিদিনই আমরা যোগাশে নিলছি। ওইসব খাবার সংরক্ষণের জন্য ব্যবহৃত কেমিক্যাল আমাদের শরীরে ঢুকে মারণরোগের সম্ভাবনা বাড়িয়ে তুলছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের একদল ছাত্রছাত্রী ও শিক্ষকদের গবেষণায় উঠে এসেছে এমনই তথ্য। তবে এক বছরের গবেষণা শেষে ক্ষতি এড়িয়ে প্যাকেটজাত খাবার সংরক্ষণে নতুন দিশাও দেখিয়েছেন গবেষকরা। কোভিড পরিস্থিতিতে খাবার নিয়ে বাড়তি সতর্ক হয়েছেন সাধারণ মানুষজন। চিকিৎসকদের পরামর্শ মেনে খাবার গ্রহণ করতে শুরু করেছেন অনেকেই। ফলে বিক্রি কমেছে জাম, জেলি, চিপস বা ঠান্ডা পানীয়ের। এই পরিস্থিতিতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গবেষণা দিশা দেখাচ্ছে শিল্পপতিদের। গবেষকদের পরামর্শ মেনেই প্যাকেটজাত খাবার সংরক্ষণ শুরু করেছে বিভিন্ন সংস্থা। নর্থবেঙ্গল ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের সম্পাদক সুরজিৎ পাল বলেন, 'উত্তরবঙ্গে জাম, জেলি, চিপসের বেশ কিছু কারখানা আছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গবেষণা তাদের বিভিন্নভাবে উপকারে লাগছে।'

বিশ্ববিদ্যালয়ের কেমিস্ট্রি বিভাগের অধ্যাপক মহেন্দ্রনাথ রাইয়ের তত্ত্বাবধানে ২০১৮ সালের শুরু থেকেই প্যাকেটজাত খাবার নিয়ে পরীক্ষানিরীক্ষা শুরু করেছিলেন ওই বিভাগের চার গবেষক বিপ্রব রাজবংশী, কোয়েলি হাস, মিতালি কুন্ডু এবং সমীর হাস। তাঁদের সহযোগিতা করেন মাইক্রোবায়োলজির অধ্যাপিকা শূশবু লেপতা। মহেন্দ্রনাথবাবু বলেন, 'প্যাকেটজাত খাবারের নমুনা ল্যাবে পরীক্ষার সময় আমরা দেখতে পাই, খাবার সংরক্ষণের জন্য বিভিন্ন ধরনের কেমিক্যাল ব্যবহার করা হচ্ছে। সব থেকে বেশি ব্যবহার হচ্ছে সোডিয়াম বেঞ্জোয়েট এবং সোডিয়াম সেলিসাইলেটে।' কেমিস্ট্রিতে এই ধরনের কেমিক্যালকে

'অ্যারোমেটিক কম্পাউন্ড' হিসেবে চিহ্নিত করা হয় বলে তিনি জানান। এগুলি বেশি মাত্রায় ব্যবহারের ফলে বেঞ্জোয়েট, সেলিসাইলেটের মতো কেমিক্যাল

ক্ষতি এড়ানোর পথ

- খাবার সংরক্ষণের জন্য ব্যবহৃত কেমিক্যাল আমাদের শরীরে ঢুকে মারণরোগের সম্ভাবনা বাড়িয়ে তুলছে।
- এক বছরের গবেষণা শেষে ক্ষতি এড়িয়ে প্যাকেটজাত খাবার সংরক্ষণে নতুন দিশাও দেখিয়েছেন গবেষকরা।
- পরামর্শ মেনেই প্যাকেটজাত খাবার সংরক্ষণ শুরু করেছে বিভিন্ন সংস্থা।



শরীরে ঢুকে ক্যানসার মতো রোগের সম্ভাবনা স্রুত বাড়িয়ে দিচ্ছে বলে অভিমত রসায়নের অধ্যাপকের। এই পরিস্থিতি থেকে মুক্তি পেতে গবেষকরা

'ইনক্লুশন কমপ্লেক্স' পদ্ধতির সাহায্য নেন। দুই বা একাধিক অণু মিশিয়ে নতুন অণু তৈরিকেই ইনক্লুশন কমপ্লেক্স বলা হয়। বিপ্রব রাজবংশী জানান, ওই পদ্ধতিতে তাঁরা সোডিয়াম বেঞ্জোয়েট এবং সোডিয়াম সেলিসাইলেটের সঙ্গে পৃথকভাবে দুই ধরনের আয়োনিক লিকুইড মিশিয়ে নতুন একটি মিশ্রণ তৈরি করেন। সেই মিশ্রণ খুবই সামান্য পরিমাণে ব্যবহার করে প্যাকেটজাত খাবার নির্দিষ্ট সময় পর্যন্ত সংরক্ষণ করা সম্ভব। কোয়েলি হাস বলেন, 'খুব কম পরিমাণে ব্যবহারের ফলে ওই মিশ্রণ মানুষের শরীরে ঢুকলেও কোনও ক্ষতি করবে না। এর পরীক্ষামূলক সাফল্য আমরা পেয়েছি।' কিছুদিন আগেই এই গবেষণার কথা আমেরিকার নামকরা গবেষণা পত্রিকা 'জার্নাল অফ মলিকিউলার লিকুইড'—এ প্রকাশিত হয়েছে। এই গবেষণার কথা ইতিমধ্যেই জেনেছে শিল্পমহল। অনেকেই তাঁদের সঙ্গে যোগাযোগ করছেন বলে জানিয়েছেন মহেন্দ্রনাথবাবু। এবার তাই শিল্পপতিদের নিয়ে বিশেষ কর্মশালা করার উদ্যোগ নিয়েছেন তিনি। বিশেষ করে খাদ্য প্রক্রিয়াকরণের সঙ্গে যুক্ত শিল্প সংস্থাগুলির কাছে নিজদের কথা তুলে ধরতে চান তাঁরা। পাশাপাশি নিজেদের আবিষ্কারের পেটেন্ট পাওয়ার জন্যও ইতিমধ্যেই সার্জিট কর্তৃপক্ষের কাছে আবেদন করা হয়েছে বলে জানিয়েছেন তিনি। মহেন্দ্রনাথবাবু বলেন, 'মানুষের কল্যাণে আমাদের গবেষণা কাজে লাগাতে প্রত্যেকটি সংস্থাকেই সহযোগিতা করব।'

বিশ্ববিদ্যালয়ের রেজিষ্টার বিদীপকুমার সরকার বলেন, 'কেমিস্ট্রি বিভাগে আন্তর্জাতিক মানের বহু কাজ হচ্ছে। প্যাকেটজাত খাবার সংরক্ষণ সক্রিয় কাজটি সর্বপ্রকারে মানুষের উপকারে আসবে। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ওই গবেষণার কথা তুলে ধরতে সব পদক্ষেপ করা হবে।'

উত্তরবঙ্গ সংবাদ



কোচবিহার রাজবাড়ি চক্রে। দুপুরের বিকালে। ছবি : অর্ণা গুহরায়

ক্ষতিকর পার্শ্বপ্রতিক্রিয়া আটকাবে নয় আবিষ্কার

অভিজিৎ ঘোষ

আলিপুরদুয়ার, ৪ মে : রোজকার জীবনে আমরা এমন অনেক খাবার খাই, যাতে মিশে থাকে অ্যাসিড ইয়োলা নামের একটি ক্ষতিকরক রাসায়নিক। তার বিভিন্ন ক্ষতিকরক পার্শ্বপ্রতিক্রিয়ার হাত থেকে কীভাবে রক্ষা পাওয়া সম্ভব, তারই দিশা দেখাচ্ছেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় ও আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের একতল গবেষক।

গরম বেড়েছে। আর সেইসঙ্গে চাহিদা বেড়েছে ঠান্ডা পানীয়েরও। বিশেষ করে অল্পবয়সীদের মধ্যে ঠান্ডা পানীয়ের জনপ্রিয়তা অনেকটাই। কিন্তু বিশেষজ্ঞরা বলছেন, এই ঠান্ডা পানীয়াতে যে টারট্রাজিন বা অ্যাসিড ইয়োলা নামের রাসায়নিক পদার্থ মেশানো থাকে, তা থেকে নানা সমস্যা দেখা দিতে পারে। হতে পারে কিডনি, লিভার, হাট বা পাকস্থলীর সমস্যাও।

জানা গিয়েছে, ঠান্ডা পানীয় যাতে অনেকদিন সতেজ থাকে, সেজন্য অনেক সময় তাতে মেশানো হয় এই অ্যাসিড ইয়োলা। কেবল ঠান্ডা পানীয় নয়, পাশাপাশি বিস্কুট, আইসক্রিম এবং কেকের ক্ষেত্রেও একই অবস্থা। সেসব যাতে দীর্ঘদিন টাটকা থাকে, সেজন্য আকর্ষণ ব্যবহার করা হয় এই ক্ষতিকর রাসায়নিক। বিশেষজ্ঞরা বলছেন, এই রাসায়নিক যদি দীর্ঘদিন ধরে কারও পেটে

যায়, তাহলে তার ফল মারাত্মক হতে পারে। তাই এই রাসায়নিকের সমস্যা দূর করাটাও জরুরি।

এই বিষয়টি নিয়ে দুই বিশ্ববিদ্যালয়ে এই গবেষণার মূল উপদেষ্টা প্রফেসর মহেন্দ্রনাথ রায়। তিনি উত্তরবঙ্গ



ইয়োলা অ্যাসিডের পার্শ্বপ্রতিক্রিয়া থেকে কীভাবে রক্ষা পাওয়া যায়, তা নিয়েই এই গবেষণা ছিল। এই খাদ্য সংযোজককে কীভাবে নিমূল করা যায় তার একটি নতুন পদ্ধতি আবিষ্কার করা হয়েছে।

—মহেন্দ্রনাথ রায়, উপদেষ্টা

বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক এবং আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। মহেন্দ্রনাথ ছাড়াও গবেষকদের সেই টিমে ছিলেন মধুসূদন মণ্ডল, শতরূপ বসাক, দেবদুতা রায়, শুভদীপ সাহা, বিশ্বজিৎ ঘোষ,

সেলিম আলি, নরেন্দ্রনাথ ঘোষ, অক্ষিতা দত্ত, অনুশ কুমার প্রমুখ।

ছয়মাস আগে এই গবেষণা শুরু হয়। দীর্ঘ মেহনতের পর সম্প্রতি সেই গবেষণার কাজ শেষ হয়েছে বলে জানিয়েছেন তাঁরা। এই গবেষণার কথা আন্তর্জাতিক বৈজ্ঞানিক জার্নাল 'জার্নাল অফ মলিকুলার লিফুইডস'—এ প্রকাশিত হয়েছে বলে জানান মহেন্দ্রনাথ। তিনি বলেন, 'এই গবেষণার ফলে অনেকের জীবনে প্রভাব পড়বে। ইয়োলা অ্যাসিডের পার্শ্বপ্রতিক্রিয়া থেকে কীভাবে রক্ষা পাওয়া যায়, তা নিয়েই এই গবেষণা ছিল। এই খাদ্য সংযোজককে কীভাবে নিমূল করা যায় তার একটি নতুন পদ্ধতি আবিষ্কার করা হয়েছে।'

কী সেই পদ্ধতি? জানা গিয়েছে, খাদ্য সংযোজকটিকে অন্য একটি বড় সাইক্লোডেক্সট্রিন অণুর মধ্যে অস্থূলক করতে হবে। তার ফলে নতুন যে জটিল যৌগটি তৈরি হয়, সেটির দ্রাব্যতা অনেকগুণ বেড়ে যায়। তার ফলে খাদ্য সংযোজকটি প্রয়োজন মতো জটিল যৌগ থেকে বের হয়ে যায়। এই প্রক্রিয়ায় নতুন যৌগের পার্শ্বপ্রতিক্রিয়া শেষ হয়ে যায়। তবে ওই যৌগের খাবার সতেজ রাখার ক্ষমতা একই থাকে। এই গবেষণা করার জন্য কর্পোরেশন এবং এডাপ্টেশন পদ্ধতি অবলম্বন করা হয় বলে জানা গিয়েছে।

উঃবঙ্গ বিশ্ববিদ্যালয়ের রসায়নের গবেষণাপত্র প্রকাশিত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জার্নালে

মানস মহত্ত্ব • শিলিগুড়ি

৩১ অক্টোবর : আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন 'নেচার' গোষ্ঠীর পত্রিকা 'সায়েন্টিফিক রিপোর্টস' জার্নালে স্থান পেলে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের একটি গবেষণাপত্র। যার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের রসায়ন গবেষণায় খুশে গেল নয়া দিগন্ত। এই প্রথম উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় থেকে এত বড়ো মাপের একটি জার্নালে রসায়নের গবেষণাপত্র স্থান পাওয়ার খুশি বিভাগীয় প্রধান মহেশন্দ্রনাথ রায়। অধ্যাপক রায় ও তাঁর অধীনে গবেষণাকারত শুভদীপ সাহা, অমিত রায় এবং কনক রায়ের গবেষণাপত্রটি সায়েন্টিফিক রিপোর্টস জার্নালের ২০ অক্টোবরের সংখ্যায় প্রকাশিত হয়েছে।


উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের গবেষণাগারটি যথেষ্ট উন্নত। এখান থেকেই গবেষণা করে প্রচুর ছাত্রছাত্রী দেশের মাটিতে এমনকি বিদেশেও কর্মরত। জার্নালে প্রকাশিত গবেষণাপত্রটির মূল বিষয়বস্তু সাইক্লোডেক্সট্রিন অথবা ভিটামিন-বি ও ভিটামিন-সি এর অঙ্গুলীকরণ। মানুষের শরীরে বিভিন্ন শারীরবৃত্তীয় প্রক্রিয়ার জন্য এই দুই ভিটামিনের প্রয়োজন। মানবদেহে ভিটামিন সংশ্লেষ করতে পারে না। কার্বেইহাইড্রেট, প্রোটিন ও ফ্যাটের মতো ভিটামিন শরীরে



উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রধান মহেশন্দ্রনাথ রায় এবং তাঁর শিক্ষার্থীরা। (ডানে) সায়েন্টিফিক রিপোর্টস জার্নালে তাঁদের প্রকাশিত গবেষণাপত্র।

সঞ্চিত হয় না। প্রতিদিন মানুষ যে খাদ্যগ্রহণ করে তাতে ভিটামিন-বি এবং ভিটামিন-সি খুব কম পরিমাণে থাকে। তাই অনেক সময়েই শরীরে এদের ঘাটতি হয়। যার ফলে বিভিন্ন শারীরবৃত্তীয় অসুবিধাগুলি ধরা পড়ে। মানবদেহে ভিটামিনগুলি অল্পমাত্রায় হলেও প্রতিনিয়ত প্রয়োজন হয়। জৈব রসায়ন ও চিকিৎসাশাস্ত্রে সাইক্লোডেক্সট্রিন অণুটি খুবই গুরুত্বপূর্ণ। এটির সাহায্যে পরিমিত পরিমাণে কোনো ওষুধকে মানব শরীরে প্রয়োগ করা যায়। ভিটামিন-বি এর অভাবে

রক্তগুট, মাথাব্যথা, স্মৃতি ও অবসান আসে এবং ভিটামিন-সি এর অভাবে মাড়ি থেকে রক্তক্ষয় বা রক্তিত্তি ও ফ্যাটিগ দেখা দেয়। এক্ষেত্রে বাইরে থেকে এদের প্রয়োগ করতে হয়। ভিটামিনগুলির জৈবিক ক্রিয়াকলাপ যাতে নষ্ট না হয় সে কারণে সাইক্লোডেক্সট্রিন অণুতে এদের অঙ্গুলীকরণ করা হয়েছে এই গবেষণায়। সাইক্লোডেক্সট্রিন ও ভিটামিন-বি মিলিতভাবে যুক্ত থেকে এক জটিল যৌগ সৃষ্টি করেছে, যার চিকিৎসাশাস্ত্রে গুরুত্ব অসীম। জলীয় দ্রবণে এই



জটিল যৌগ দুইটির অস্তিত্ব ও স্থায়িত্ব প্রমাণ করা হয়েছে গবেষণাপত্রে। নিচ সাইক্লোডেক্সট্রিন অণুটি সহজলভ্য এবং মানব শরীরের পক্ষে সম্পূর্ণ নিরপেক্ষ। তাই ভিটামিনগুলিকে শরীরে ওষুধ বা ইনজেকশনের মাধ্যমে প্রয়োগ না করে তাদের জটিল যৌগগুলি প্রয়োগ করা হলে তা বেশি সুবিধাজনক। কারণ, এই যৌগগুলি থেকে ভিটামিন অণুটি ধীরে ধীরে প্রয়োজনমতো শরীরের কোষগুলিতে প্রবেশ করে এবং শারীরবৃত্তীয় ক্রিয়াগুলি ঘটায় যা অপেক্ষাকৃত দীর্ঘস্থায়ী এবং

কার্যকরী। অধ্যাপক রায় তাঁর দীর্ঘকালব্যাপী গবেষণার খ্যাতিস্বরূপ বিভিন্ন পুরস্কার ও স্বীকৃতি পেয়েছেন। তাঁর এবং তাঁর শিক্ষার্থীদের গবেষণাপত্রটি আন্তর্জাতিকস্তরের খ্যাতিসম্পন্ন নেচার গোষ্ঠীর পত্রিকায় প্রকাশিত হওয়ায় অধ্যাপক রায় অত্যন্ত খুশি। তিনি বলেন, 'ছাত্রছাত্রীদের অগ্রাধু প্রচেষ্টা, বিশ্ববিদ্যালয়ের উন্নত গবেষণাগার অনেকটাই এগিয়ে দিয়েছে আমাদের। বিশ্ববিদ্যালয়ের কোনো গবেষণাপত্র একক তত্ত্বাবধানে এত বড়ো মাপের জার্নালে এই প্রথম প্রকাশিত হল।'

হাইড্রক্সিক্লোরোকুইন নিয়ে গবেষণা

নেওয়া যাবে পার্শ্বপ্রতিক্রিয়া ছাড়াই, দাবি

নীতেশ বর্মণ
শিলিগুড়ি

হাইড্রক্সিক্লোরোকুইন নিয়ে গবেষণা করে এর ব্যবহার বিষয়ে নতুন দিক তুলে ধরেছেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক। গবেষণাপত্রে দাবি, হাইড্রক্সিক্লোরোকুইনকে সাইক্লোডেস্ফ্রিন অণুর মধ্যে ঢুকিয়ে জটিল অণু তৈরি করলে মানব শরীরে তার পার্শ্বপ্রতিক্রিয়া অনেক কমে যাবে। গবেষণাপত্রটি প্রকাশিত হয়েছে, গবেষণামূলক বিষয়ের বিদেশি পত্রিকা 'জার্নাল অব মলিকিউলার স্ট্রাকচার'-এ।

করোনার প্রথম পর্বে সংক্রমণ যখন দ্রুত বাড়ছিল, তখন হাইড্রক্সিক্লোরোকুইনের চাহিদা ছিল তুঙ্গে। অতিমারি আটকাতে চিকিৎসকদের একাংশ এটি খাওয়ার পরামর্শ দেন। বিদেশেও এই ওষুধের চাহিদা বাড়তে থাকে। যদিও পরে হাইড্রক্সিক্লোরোকুইন থেকে সরে আসেন চিকিৎসকদের অনেকে। গবেষকদের দাবি, এই ওষুধ খেয়ে ত্বক শুকিয়ে যাওয়া, চোখে ঝাপসা দেখা, পেটের যন্ত্রণার মতো সমস্যা হচ্ছিল। এই সব পার্শ্বপ্রতিক্রিয়ার কারণে বন্ধ হয় এই ওষুধের ব্যবহার। কী ভাবে পার্শ্বপ্রতিক্রিয়া কমানো যায়, সেই চিন্তা থেকেই এই গবেষণা বলে গবেষকদের দাবি। এই গবেষণা থেকে ওষুধ তৈরির পথ প্রশস্ত হবে বলে মনে করছেন তাঁরা। জটিল অণুটি তাঁরা তৈরি করেছেন এবং এখন ওষুধ প্রস্তুতকারকেরা মানবশরীরে তার প্রভাব দেখে নিতে পারবেন বলে জানানো হয়েছে গবেষকদের তরফে।

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষক তথা বর্তমানে আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহেন্দ্রনাথ রায়ের নেতৃত্বে এই গবেষণায় গুরুত্বপূর্ণ

পরামর্শ দিয়েছেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সুবীরেশ ভট্টাচার্য। যুক্ত রয়েছেন শিক্ষক রণজয় দাস, অদिति রায়, দেবাদৃতা রায়, শুভদীপ সাহা, নরেন্দ্রনাথ ঘোষেরা। গবেষণাপত্রে তাঁরা তুলে ধরেছেন, হাইড্রক্সিক্লোরোকুইনকে সাইক্লোডেস্ফ্রিন অণুর মধ্যে ঢুকিয়ে জটিল অণু তৈরি করার ফলে এর দ্রাব্যতা বেড়ে যায় এবং জটিল অণু থেকে ধীরে ধীরে মানবশরীরে প্রয়োজনমতো ওষুধ 'সাসটেনড রিলিজ' পদ্ধতিতে সংগ্রহ করি নিতে পারে। উদ্ভূত ওষুধ, যা শরীরের প্রয়োজন নেই, তা মল-মূত্র-ঘামের মাধ্যমে বার হয়ে যাবে। ফলে, এই ওষুধ প্রয়োজনীয় পরিমাণ অনুযায়ী ব্যবহৃত হয়ে রোগ নিরাময়ে সাহায্য করবে।

মহেন্দ্রনাথ রায় জানিয়েছেন, তাঁরা দীর্ঘ এক বছরের বেশি সময় ধরে এই গবেষণা চালিয়েছেন এবং বিভিন্ন পরীক্ষার মাধ্যমে এর ফলাফল ব্যাখ্যা করা হয়েছে। তিনি বলেন, "এই গবেষণা কোভিড চিকিৎসায় নতুন দিশা দেখাতে পারে। হাইড্রক্সিক্লোরোকুইন করোনা থেকে রেহাই দেবে, এই আশায় অনেকেই তা খেয়েছিলেন। কিন্তু পার্শ্বপ্রতিক্রিয়ার সমস্যা তৈরি হয়েছিল। তা কাটাতে গবেষণা ফলপ্রসূ হয়েছে। ওষুধ প্রস্তুতকারকেরা উৎসাহী হলে মানবশরীরে তা পরীক্ষানিরীক্ষার পর কাজে লাগানো যেতে পারে।" উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ডিন সন্দীপ সেনগুপ্ত বলেন, "পার্শ্বপ্রতিক্রিয়া না থাকলে এবং কার্যকারিতা সমান বা বেশি হলে ভাল উদ্যোগ। কিন্তু কোনও অনুমোদিত সংস্থা দ্বারা ট্রায়ালের মাধ্যমে প্রয়োগে সফলতা মিললে এ সম্পর্কে নির্দিষ্ট করে বলা যায়।"

এখনও পর্যন্ত কেউ এই গবেষণা কাজে লাগিয়ে ওষুধ তৈরির ব্যাপারে উৎসাহী হয়েছেন বলে খবর মেলেনি।

Achievements of Prof. Mahendra Nath Roy



**ইউজিসি-র পুরস্কার পেলে
৬৫ বর্ষ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক**

মুম্বই খবর



৬৫ বছর বয়সেই মুম্বই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদে অর্জন করেছেন প্রফেসর মহেন্দ্র নাথ রয়। এছাড়াও তিনি ইউজিসি-র পুরস্কার পেয়েছেন।

**NBU scholars feted
with Phd degrees**

It is known that the new research scholar's paper published in the journal of the Department of Chemistry of NBU has been selected for Phd degree.



Prof. Mahendra Nath Roy, Director, NBU, has felicitated the new research scholar who has been awarded Phd degree.

**এক নজরে
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের
শিক্ষকের গবেষণাকে সম্মান**

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের গবেষণাকে সম্মানিত করে একটি পত্রিকাতে প্রকাশিত হয়েছে।

**উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের
অধ্যাপক সুরেশ সি
আমেতা পুরস্কার পাচ্ছেন**

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সুরেশ সি আমেতা পুরস্কার পাচ্ছেন।





**গবেষণায় আন্তর্জাতিক সাফল্য
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কেমিস্ট্রি
& অর্গানোবায়োলজি বিভাগের**




উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কেমিস্ট্রি ও অর্গানোবায়োলজি বিভাগের গবেষণায় আন্তর্জাতিক সাফল্য।

**শিক্ষক সমাজকে আমাণে
সমতা বন্দোপায়**



শিক্ষক সমাজকে আমাণে সমতা বন্দোপায়।

Designed by Dr. Subhadeep Saha



ফ্লোরাইড নিয়ে 'সফল' গবেষণা

নিজস্ব সংবাদদাতা

আলিপুরদুয়ার

জলে ফ্লোরাইডের সমস্যা ও মাত্রা নির্ধারণ নিয়ে গবেষণা করে 'সফল' আলিপুরদুয়ার ও উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক। সম্প্রতি তাঁদের সেই গবেষণার কথা ছাপা হল একটি আন্তর্জাতিক বিজ্ঞান বিষয়ক জার্নালে।

ওই গবেষকদের কথায়, ফ্লোরাইড একটি সাধারণ অজৈব আয়ন। যা প্রায় সব রকম জলে মেলে। কিন্তু জলে মাত্রাতিরিক্ত ফ্লোরাইড বিয়ক্রিয়া ঘটিয়ে হাঁড ও দাঁতের ভঙ্গুর রোগ সৃষ্টি করে। এর বিয়ক্রিয়ায় মানুষ মৃত্যুর দিকে চলে যেতে পারে। ওই গবেষকরা জানান, এ রাজ্যে এটি অন্যতম প্রধান সমস্যা। তাদের কথায়, রাজ্যের পরিবেশ দফতরের তথ্য বলছে, ভূগর্ভস্থ জলে উত্তরবঙ্গের তরাই-ডুয়ার্স, মালদহ ও দক্ষিণ দিনাজপুর এবং দক্ষিণবঙ্গে হুগলি, মেদিনীপুর, দক্ষিণ চব্বিশ পরগনা, বাকুড়া ও পুরুলিয়ায় স্বাভাবিকের চেয়ে ছয়-সাতগুন বেশি ফ্লোরাইড রয়েছে।

দুই বিশ্ববিদ্যালয়ের গবেষকদের এই গবেষণায় নেতৃত্ব দিয়েছেন রসায়ন বিভাগের অধ্যাপক তথা আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহেন্দ্রনাথ রায়। তিনি জানান, জলে ফ্লোরাইড মাত্রা নির্ধারণের জন্য উন্নত যন্ত্রের প্রয়োজন। যা ব্যয় সাপেক্ষ। ফলে অনেক সময়েই জলে ফ্লোরাইডের মাত্রা নির্ধারণ সম্ভব হয় না। মাস ছয়েক আগে গবেষণাটি শুরু হয়। জলে ফ্লোরাইডের মাত্রা নির্ধারণের ক্ষেত্রে পদ্ধতি বের করা হয়। সম্প্রতি সেই গবেষণা শেষ হয়েছে। তার পরেই আন্তর্জাতিক বিজ্ঞান বিষয়ক জার্নালে এই গবেষণার কথা ছাপা হয়েছে।

শরীরে ক্ষতি এড়াতে খাবার সংরক্ষণে নয়া দিশা

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গবেষণায় সাফল্য

শিলিগুড়ি, ৯ অগাস্ট : জ্যাম, জেলি, ঠান্ডা পানীয় বা চিপস, প্যাকেটজাত নানা খাবার প্রতিদিনই আমরা গোয়াসে গিলছি। ওইসব খাবার সংরক্ষণের জন্য ব্যবহৃত কেমিক্যাল আমাদের শরীরে ঢুকে মারণরোগের সম্ভাবনা বাড়িয়ে তুলছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের একদল ছাত্রছাত্রী ও শিক্ষকদের গবেষণায় উঠে এসেছে এমনই তথ্য। তবে এক বছরের গবেষণা শেষে ক্ষতি এড়িয়ে প্যাকেটজাত খাবার সংরক্ষণে নতুন দিশাও দেখিয়েছেন গবেষকরা। কোভিড পরিস্থিতিতে খাবার নিয়ে বাড়তি সতর্ক হয়েছেন সাধারণ মানুষজন। চিকিৎসকদের পরামর্শ মেনে খাবার গ্রহণ করতে শুরু করেছেন অনেকেই। ফলে বিক্রি কমেছে জ্যাম, জেলি, চিপস বা ঠান্ডা পানীয়রা। এই পরিস্থিতিতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গবেষণা দিশা দেখাচ্ছে শিল্পপতিদের। গবেষকদের পরামর্শ মেনেই প্যাকেটজাত খাবার সংরক্ষণ শুরু করেছে বিভিন্ন সংস্থা। নর্থবেঙ্গল ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের সম্পাদক সুরজিৎ পাল বলেন, 'উত্তরবঙ্গে জ্যাম, জেলি, চিপসের বেশ কিছু কারখানা আছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের গবেষণা তাদের বিভিন্নভাবে উপকারে লাগছে।'

বিশ্ববিদ্যালয়ের কেমিস্ট্রি বিভাগের অধ্যাপক মহেন্দ্রনাথ রায়ের তত্ত্বাবধানে ২০১৮ সালের শুরু থেকেই প্যাকেটজাত খাবার নিয়ে পরীক্ষানিরীক্ষা শুরু করেছিলেন ওই বিভাগের চার গবেষক বিপ্লব রাজবংশী, কোয়েলি দাস, মিতালি কুণ্ডু এবং সমীর দাস। তাঁদের সহযোগিতা করেন মাইক্রোবায়োলজির অধ্যাপিকা খুশ্বু লেপটা। মহেন্দ্রনাথবাবু বলেন, 'প্যাকেটজাত খাবারের নমুনা ল্যাবে পরীক্ষার সময় আমরা দেখতে পাই, খাবার সংরক্ষণের জন্য বিভিন্ন ধরনের কেমিক্যাল ব্যবহার করা হচ্ছে। সব থেকে বেশি ব্যবহার হচ্ছে সোডিয়াম বেঞ্জোয়েট এবং সোডিয়াম সেলিসাইলেট।' কেমিস্ট্রিতে এই ধরনের কেমিক্যালকে

'আরোগোমেটিক কম্পাউন্ড' হিসেবে চিহ্নিত করা হয় বলে তিনি জানান। এগুলি বেশি মাত্রায় ব্যবহারের ফলে বেঞ্জোয়েট, সেলিসাইলেটের মতো কেমিক্যাল

ক্ষতি এড়ানোর পথ

■ খাবার সংরক্ষণের জন্য ব্যবহৃত কেমিক্যাল আমাদের শরীরে ঢুকে মারণরোগের সম্ভাবনা বাড়িয়ে তুলছে।

■ এক বছরের গবেষণা শেষে ক্ষতি এড়িয়ে প্যাকেটজাত খাবার সংরক্ষণে নতুন দিশাও দেখিয়েছেন গবেষকরা।

■ পরামর্শ মেনেই প্যাকেটজাত খাবার সংরক্ষণ শুরু করেছে বিভিন্ন সংস্থা।



শরীরে ঢুকে ক্যানসার মতো রোগের সম্ভাবনা ক্রমত বাড়িয়ে দিচ্ছে বলে অভিমত রসায়নের অধ্যাপকের।

এই পরিস্থিতি থেকে মুক্তি পেতে গবেষকরা

'ইনক্লুশন কমপ্লেক্স' পদ্ধতির সাহায্য নেন। দুই বা একাধিক অণু মিশিয়ে নতুন অণু তৈরিকেই ইনক্লুশন কমপ্লেক্স বলা হয়। বিপ্লব রাজবংশী জানান, ওই পদ্ধতিতে তাঁরা সোডিয়াম বেঞ্জোয়েট এবং সোডিয়াম সেলিসাইলেটের সঙ্গে পৃথকভাবে দুই ধরনের আয়োনিক লিভুইড মিশিয়ে নতুন একটি মিশ্রণ তৈরি করেন। সেই মিশ্রণ খুবই সামান্য পরিমাণে ব্যবহার করে প্যাকেটজাত খাবার নির্দিষ্ট সময় পর্যন্ত সংরক্ষণ করা সম্ভব। কোয়েলি দাস বলেন, 'খুব কম পরিমাণে ব্যবহারের ফলে ওই মিশ্রণ মানুষের শরীরে ঢুকলেও কোনও ক্ষতি করবে না। এর পরীক্ষামূলক সাফল্য আমরা পেয়েছি।' কিছুদিন আগেই এই গবেষণার কথা আমেরিকার নামকরা গবেষণা পত্রিকা 'জার্নাল অফ মলিকিউলার লিভুইড'-এ প্রকাশিত হয়েছে। এই গবেষণার কথা ইতিমধ্যেই জেনেছে শিল্পমহল। অনেকেই তাঁদের সঙ্গে যোগাযোগ করছেন বলে জানিয়েছেন মহেন্দ্রনাথবাবু। এবার তাই শিল্পপতিদের নিয়ে বিশেষ কর্মশালা করার উদ্যোগ নিয়েছেন তিনি। বিশেষ করে খাদ্য প্রক্রিয়াকরণের সঙ্গে যুক্ত শিল্প সংস্থাগুলির কাছে নিজেদের কথা তুলে ধরতে চান তাঁরা। পাশাপাশি নিজেদের আবিষ্কারের পেটেন্ট পাওয়ার জন্যও ইতিমধ্যেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন করা হয়েছে বলে জানিয়েছেন তিনি। মহেন্দ্রনাথবাবু বলেন, 'মানুষের কল্যাণে আমাদের গবেষণা কাজে লাগাতে প্রত্যেকটি সংস্থাকেই সহযোগিতা করব।'

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দিলীপকুমার সরকার বলেন, 'কেমিস্ট্রি বিভাগে আন্তর্জাতিক মানের বহু কাজ হচ্ছে। প্যাকেটজাত খাবার সংরক্ষণ সংক্রান্ত কাজটি সর্বস্তরের মানুষের উপকারে আসবে। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ওই গবেষণার কথা তুলে ধরতে সব পদক্ষেপ করা হবে।'

uri



ce and they
rno under
time. Panic-
nts of the
d down to

te fire is yet
officials of
ncy services
e said three
d exploded
officials did
he claims.
re incident
the family
gaged in a
gramme.
the apart-
by Keshav
daughter's
n fixed for 9

s engulfed
rriage pro-
g on in the
arriage cer-
e broke out.
ained any
rsons have
o suffoca-
committee sec-
on.

r Gautam
e apartment
/ members.

NBU team achieves feat on sunscreen effectiveness



STATESMAN NEWS SERVICE
SILIGURI, 7 FEBRUARY

A "novel discovery" has been made under the leadership of Banga Bhushan awardee Professor Manabendra Nath Roy, the former Vice Chancellor of Alipurduar University, and his team of research scholars in North Bengal University, to enhance the effectiveness of sunscreen. Professor Roy and his team exploited the host-guest encapsulation process technique by incorporating the sunscreen ingredient sulisobenzene into sulfonatothiacalix arene host molecule to create a supramolecular hybrid molecule, whose binding conformation in both solution and solid state was confirmed by various spectroscopic experiments.

The research has been published in the popular international journal "New Journal of Chemistry," which belongs to the Royal Society of Chemistry.

According to Professor Roy of the University of North Bengal, the achievement will be effective in the public welfare of the society.

"The innovative photosensitive component of this new complex increases its stability and durability on the skin several times than before, which increases the therapeutic efficacy of the cosmetic formulation more than ever," Prof Roy said.

Notably, sunscreen is widely used to protect human skin from the harmful ultraviolet rays of the sun.

"Exposure to UV rays causes aging, inflammatory effects on human skin, formation of blackheads, DNA mutation, reduction in brightness through collagen depletion, and even skin cancer. To prevent such problems, sunscreens are used on the skin, which contain para-aminobenzoic acid (PABA), camphor derivatives, sulisobenzene (SBZ) and benzophenones," according to research scholars.

Niloy, Pranish, Biswajit, Salim, Ajit, Biplab, Madhu, Anindita, Ayesha, Shubhajit, Priyanka, Dolly, Vaishali, Shatarupa, Ankita, Antara, Parmita, Kankan, Montu and others, especially participated in the work, it is learnt.

Doctor person society

STATESMAN NEWS SERVICE
SILIGURI, 7 FEBRUARY

Homoeopathy Singh, who is also associated with newspaper and magazine "Tejas" has set up a library at North Bengal University (UBHG) at Gurukul, Siliguri and dedicated to the community and people associated with the university and literary works in different areas. The library has a collection of books for the benefit of the community.

Dr Singh has written books in four languages: Hindi, Bengali, English, and Nepali. Dr. Singh is a guest during the inauguration of the library. The library was inaugurated by Additional District

Magistrate, Siliguri.



**ACCOMPLISHMENTS EXECUTED BY ME FOR THE ALIPURDUAR UNIVERSITY AS
THE FOUNDER VICE-CHANCELLOR**





পুরস্কার বাবদ গ্রাণ্ড টাকার চেক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের হাতে তুলে দিচ্ছেন উপাচার্য।

বঙ্গভূষণের টাকায় মায়ের নামে পুরস্কার

অভিজিৎ ঘোষ

অসিপুরদুয়ার, ২৮ জুলাই : অসিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডাঃ মহেন্দ্রনাথ রায়কে বঙ্গভূষণ পুরস্কারে ভূষিত করেছে রাজ্য সরকার। ২৫ তারিখ কলকাতার নতুনকল মঞ্চে উপাচার্যের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন মুখ্যমন্ত্রী। আরকের পাশাপাশি ১ লক্ষ টাকা নগদ অর্থিক পুরস্কার পেয়েছেন মহেন্দ্রনাথ। ওই টাকা দুই মেধাবী পড়ুয়াদের উৎসাহ প্রদানে খরচ করার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। মহেন্দ্রবাবুর পরিকল্পনা, ওই এক লক্ষ টাকা ব্যাংকে দিচ্ছত ডিপোজিট করে রাখা হবে। প্রতি বছর ওই টাকা থেকে যে সুদ মিলবে, সেটি বিশ্ববিদ্যালয়ের দুই মেধাবী পড়ুয়াদের পুরস্কার হিসেবে দেওয়া হবে। মহেন্দ্রবাবুর মা জমশ্চী রায়ের নামে প্রতি বছর সেই পুরস্কার দেওয়া হবে।

বৃহস্পতিবার জেলায় মিলাতেই অর্ডারনাম ভেঙেছেন মহেন্দ্রবাবু। বিশ্ববিদ্যালয়ের তাকে তাঁকে সংবর্ধনা দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক,

আধিকারিকদের সঙ্গে বৈঠকে পর মহেন্দ্রবাবু পুরস্কার বাবদ গ্রাণ্ড ১ লক্ষ টাকার চেক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের হাতে তুলে দিচ্ছেন। কোন ক্ষেত্রে মিলবে এই পুরস্কার? জানা গিয়েছে, আর কিছুদিনের



অর্থের পরিমাণ হয়তো খুব বেশি নয়। তবে একটা পুরস্কার পেলে পড়ুয়ারা উৎসাহ পাবেন। আমি সারাজীবন উপাচার্য থাকব না, এই পুরস্কারটি থেকে যাবে।

— ডাঃ মহেন্দ্রনাথ রায়
উপাচার্য, অসিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়

মহেই বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন জাতিগত ভাষার সার্টিফিকেট কোর্স চালু হবে। ওই কোর্সগুলোয় অতি উত্থা যে সমস্ত দুই অক্ষ মেধাবী পড়ুয়াদের মধ্যে উজ্জ্বল সম্ভাবনার সেবা মিলবে, তাঁদের পড়াশোনার খরচ তালোতে সহযোগিতা স্বরূপ এই পুরস্কার দেওয়া হবে। এবিষয়ে

মহেন্দ্রবাবু বলেন, 'অর্থের পরিমাণ হয়তো খুব বেশি নয়। তবে একটা পুরস্কার পেলে পড়ুয়ারা উৎসাহ পাবেন। আমি সারাজীবন উপাচার্য থাকব না, তবে এই পুরস্কারটি থেকে যাবে। আশা করি, আমাকে সেখ থেকে ব্যক্তিগত এভাবে পড়ুয়াদের সহযোগিতায় এটিতে আসবেন।'

উপাচার্যের এছেন পদক্ষেপে পবিত্র বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ামহল থেকে অধ্যাপক-অধ্যাপিকারা। জেলার শিক্ষানব্বলের প্রশংসা কুড়িয়েছে তাঁর এই উদ্যোগ। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা রিৎকু হুজুরতী বলেন, 'এমন মানুষের সঙ্গে কাজ করতে গেলে আমরা পবিত্র। ওই পুরস্কারের সঙ্গে এই শিক্ষাপ্রতিষ্ঠানের, আমাদের, পড়ুয়াদের নাম জড়িয়ে গিয়েছে, যা একটা বড় শ্রুতন্য। যেভাবে উনি পুরস্কারের টাকটা দুই মেধাবী পড়ুয়াদের জন্য বান করলেন, সেটা আমাদের অনেক কিছুই মিলিয়ে দিল।' হাবই তাঁরা কাছে



থাকে না। মাঝে মাঝে ভুলে যাই,
বা তাড়াহুড়োতে হয়ে ওঠে না।' সংগীতার

বাড়িতে কাটানো ভ
শহরবাসী।

মাশরুম চাষে স্বনির্ভরতার স্বপ্ন

প্রণব সূত্রধর

আলিপুরদুয়ার, ৭ জুন :
মাশরুম চাষ নিয়ে বিশেষ কর্মশালায়
আয়োজন করল আলিপুরদুয়ার
বিশ্ববিদ্যালয়। মাশরুম কী? কীভাবে
চাষ করতে হয়? তা হাতেকলমে
শেখানো হয়। উপস্থিত ছিলেন
উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ডঃ
অনামিকা দেবনাথ, আলিপুরদুয়ার
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ
মহেন্দ্রনাথ রায় সহ অন্যরা। বিশেষ
করে মহিলাদের মাশরুম চাষে আগ্রহী
করতেই এই উদ্যোগ বলে জানান
উদ্ভিদবিজ্ঞানের অধ্যাপিকা ডঃ
জ্যোৎস্না দাস।

বটানি বিষয়ের ছাত্রী ছাড়াও
এনসিসির ছাত্রী ও বিশ্ববিদ্যালয়
চত্বর সংলগ্ন মহিলাদের একাংশ এই
কর্মশালায় অংশগ্রহণ করেন।

আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের
উপাচার্য ডঃ মহেন্দ্রনাথ রায় বলেন,
'এই ধরনের কর্মশালা পড়ুয়াদের
আর্থিক স্বনির্ভরতা দেবে। বিকল্প
জীবিকার সুযোগ তৈরি হবে।'

মাশরুম চাষের প্রাথমিক
পর্যায় থেকে শুরু করে প্রতিটি ধাপ
হাতেকলমে শেখানো হয়। কোথা
থেকে বীজ সংগ্রহ করতে হয়?
বাজার কেমন? এমনকি কতটা
খাদ্যগুণ রয়েছে তা কর্মশালায়
বিশদে আলোচনা করা হয়।

পড়াশোনার পাশাপাশি বিকল্প
পেশা হিসেবে গ্রহণ করতে পারবে
বলেও কর্তৃপক্ষের দাবি। এতে
খাদ্যগুণ থাকায় চা বাগান অধ্যুষিত
এলাকা পুষ্টির চাহিদা মেটাতে।
এছাড়া বিকল্প জীবিকা হিসেবে তুলে
ধরতে চাইছেন তাঁরা। এতে অন্যান্য
পেশার মতো স্বনির্ভর হওয়ার
সুযোগ রয়েছে। বিশেষ করে দাম
ও চাহিদার কথা মাথায় রেখেই
মহিলাদের মধ্যে মাশরুম চাষে আগ্রহ
বাড়াতে চাইছেন তাঁরা।

এদিন কর্মশালায় উপস্থিত
ছিলেন বটানি বিভাগের ছাত্রী
সুইটি দত্ত, পল্লবী মণ্ডল ছাড়াও

বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বিভাগের
ছাত্রী তৃষা সাহা, স্মৃতি দাস, সুপ্রিয়া
বালা, সুস্মিতা বর্মন, কৃষ্ণা দাসরা।
তাঁদের মধ্যে অনেকেই মাশরুম চাষ
করে স্বনির্ভর হওয়ার আগ্রহ প্রকাশ
করেন।

যদিও ওয়েস্ট বেঙ্গল সায়েন্স
আ্যান্ড টেকনোলজির অধীনে বিভিন্ন
বিষয়ে গবেষণা ও কর্মশালা হয়ে
থাকে। এদিনের কর্মশালা তারই
একটি অঙ্গ বলে বিশ্ববিদ্যালয়
কর্তৃপক্ষ জানায়। তবে, এদিন
কর্মশালায় প্রাধান্য পান মহিলারা।
তাই বটানি বিষয়ের পড়ুয়ারা ছাড়াও
অন্যান্য মহিলাদের এই কর্মশালায়
ডাকা হয়।

আলিপুরদুয়ার ও সংলগ্ন জায়গা
ছাড়াও ভূটানে মাশরুমের বিশেষ

বিকল্প আয়

মাশরুম চাষের মতো এই
ধরনের কর্মশালা পড়ুয়াদের
আর্থিক স্বনির্ভরতা তো
দেবেই। বিকল্প জীবিকারও
সুযোগ তৈরি হবে। স্থানীয়
মহিলারাও অংশ নিয়েছেন
এদিনের কর্মশালায়।

—ডঃ মহেন্দ্রনাথ রায়

উপাচার্য, আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়

চাহিদা ও বাজার রয়েছে। ফলে
মাশরুম চাষ করলে লাভের মুখ দেখা
যাবে বলেই মনে করছেন তাঁরা।
তাই মাশরুম চাষে আগ্রহ তৈরিতে
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় থেকে
বিশেষজ্ঞকেও আমন্ত্রণ জানানো হয়।

আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের
বটানির বিভাগীয় প্রধান ডঃ জ্যোৎস্না
দাস বলেন, 'পড়ুয়ারা ছাড়াও
স্থানীয় মহিলাদের এই চাষ সম্পর্কে
অবগত করা হয়। এতে আশা করি
অনেকেই স্বনির্ভর হতে পারবে।'
স্থানীয় মহিলারাও উৎসাহ দেখান।

জল

মণীন্দ্রন

আলিপুরদু
জলাভূমি ভ
পেয়ে এবার
আলিপুরদুয়ারে
বেশ কিছুদিন
শহরের ৪ ন
জলা ভরাটের
সরু গলিতে
আওয়াজে অ
এছাড়া পাড়ায়
ক্ষতিগ্রস্ত হচ্ছি
কেউ জলা ভর
বুধবার আলি
শাসককে না
পেয়ে বুধবার
মহকুমা শাসব
যান। সেখানে
মাটি দিয়ে জল
করা হয়েছে।

শিশু সপ্তাহ

আলিপুরদু
রেলওয়ে চাই
আলিপুরদুয়ার
বুধবার পালিত
সপ্তাহ। উপস্থিত
শিশু অধিকার
রাজ্য উপদেষ্টা
আলিপুরদুয়ার জ
আরপিএফের অ
উপস্থিত ছিলেন
সকাল ১১টা :
জংশন রেলসে
পালিত হয়।

শি

আলিপুরদু
বুধবার 'দ্য ভা
গাইডস'-এর
ডিস্ট্রিক্ট অ্যাসো
তিনদিনের বিশে
জন সদস্য আ
মধ্যে ৫ থেকে
রয়েছে। সেখানে
সংগীতানুষ্ঠান,
প্রতিযোগিতা হ



জনজাতির ভাষা শিক্ষায় কোর্স আগামীতে

আলিপুরদুয়ার, ১ ফেব্রুয়ারি : আলিপুরদুয়ার জেলায় অসংখ্য জনজাতিভুক্ত ও ভিন্নভাষী মানুষের বসবাস। এই ভাষাগুলির মধ্যে অনেকগুলিই আজ নিজের অস্তিত্ব হারাতে বসেছে। এই ভাষাগুলিকে বাঁচাতে এবার আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয় উদ্যোগী হল। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিলুপ্তপ্রায় এই ভাষাগুলিকে কেন্দ্র করে সার্টিফিকেট কোর্স চালু করতে চলেছে। আগামী শিক্ষাবর্ষ থেকেই এই কোর্স চালু করা হবে বলে সোমবার আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মহেন্দ্রনাথ রায় জানান। এদিন আনুষ্ঠানিকভাবে আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের পঠনপাঠন চালু করা হয়। বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর বিষয়ে ভর্তি হওয়া পড়ুয়াদের বরণ করে নেওয়ার পাশাপাশি আলিপুরদুয়ার কলেজের প্রাক্তন অধ্যাপক, অশিক্ষক কর্মচারীদের সম্মাননা জানানো হয়। উপাচার্য বলেন, 'এদিন থেকেই

আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়ের পঠনপাঠন শুরু করা হল। প্রথম বর্ষে এখনও পর্যন্ত ৭৬ জন পড়ুয়া ভর্তি হওয়ায় কর্তৃপক্ষ ভর্তির বিস্তৃতিও চারটি বিষয়ে ভর্তির অনুমোদন দেয়। ইংরেজি, ইতিহাস, পদার্থবিদ্যা ও রসায়নে কর্তৃপক্ষ ভর্তির বিস্তৃতিও

আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়



আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ে আনুষ্ঠানিকভাবে পঠনপাঠন চালু। - আয়ুস্মান চক্রবর্তী

হয়েছেন। বর্তমানে অনলাইনেই চারটি বিষয়ে ক্লাস করানো হবে।

আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, উচ্চশিক্ষা দপ্তর জানুয়ারি মাসের প্রথম দিকে বিশ্ববিদ্যালয়ে

প্রকাশ করে। বিস্তৃতি অনুযায়ী নির্দিষ্ট আসনে বহু সংখ্যক পড়ুয়া মাস্টার ডিগ্রি করার জন্য আবেদন করেন। প্রথম মেরিটলিস্ট প্রকাশ করে কর্তৃপক্ষ ভর্তি প্রক্রিয়াও শুরু করে।

৩১ জানুয়ারি ফাইনাল মেরিটলিস্ট প্রকাশ করা হয়। চারটি বিষয়ে ৮০টি আসনে এখনও পর্যন্ত ৭৬ জন ভর্তি হয়েছেন। চারটি সিট ফাঁকা থাকায় ফের বিস্তৃতি দেওয়া হবে বলে জানানো হয়েছে। ভর্তি হওয়া এই ৭৬ জন পড়ুয়াকে নিয়েই এদিন আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়ের পঠনপাঠন চালু করা হল।

এদিকে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে, বর্তমানে অনলাইনেই ক্লাস শুরু হচ্ছে। যে বিষয়গুলি নিয়ে ক্লাস শুরু হচ্ছে তার প্রত্যেকটি বিভাগের উন্নতির জন্য উচ্চশিক্ষা দপ্তর অর্থ মঞ্জুর করেছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মহেন্দ্রনাথ রায় জানিয়েছেন, বিশ্ববিদ্যালয়ে অনলাইন ব্যবস্থা এবং কেমিস্ট ও ফিজিক্স বিভাগ উন্নতির জন্য উচ্চশিক্ষা দপ্তর ৯ লক্ষ ৯০ হাজার টাকা বরাদ্দ করেছে। ওই টাকায় অনলাইন ক্লাসের রুম, ল্যাবরেটরির উন্নতি করা হবে।

এরপর বারের পাতায়



শিক্ষককে মনে রাখতে উদ্যোগী আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয় অবসরপ্রাপ্ত অধ্যাপকের নামে গাছ

অভিজিৎ ঘোষ

আলিপুরদুয়ার, ২১ ডিসেম্বর : একজন শিক্ষক বা সরকারি কর্মী যাঁটি বছর পর্যন্ত নিজের সুবটুকু দিয়ে যান যে কোনও প্রতিষ্ঠানে। আর অবসরের পর? অবসর মানেই কি ডিউটি শেষ? অনেক জায়গায় এঁদের উত্তর 'হ্যাঁ' হলেও, আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও কর্মীদের কাছে এই উত্তর না-ই হবে বুধবার থেকে।

অবসরপ্রাপ্ত শিক্ষকদের মনে রাখার অভিনব উদ্যোগ নিল আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়। অবসরপ্রাপ্ত শিক্ষকদের নামে ক্যাম্পাসে লাগানো হবে একটি করে গাছ। বুধবারই প্রথম এই উদ্যোগ নেওয়া হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এমন উদ্যোগে খুশি অধ্যাপক এবং পড়ুয়ারাও।

বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক জ্যোতিবিকাশ নাথ শীঘ্রই অবসর নেবেন। এদিন তাঁকে সংবর্ধনা দেওয়া হয়।



আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গাছ লাগাচ্ছেন অধ্যাপকরা। - সংবাদচিত্রে

জ্যোতিবিকাশবাণুও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের জন্য ছুরিভোজের আয়োজন করেন। এদিনই আবার ওই গাছ লাগানোও হয়। যদিও এই গাছ লাগানোর বিষয়ে আগেই আলোচনা হয়েছিল বিশ্ববিদ্যালয়ে। এদিন নিজের

হাতে মেয়েদের হস্টেলের সামনে একটি দেবদারু গাছ লাগান জ্যোতিবিকাশবাণু সেখানে বিশ্ববিদ্যালয়ের অন্য অধ্যাপক এবং শিক্ষাকর্মীরাও উপস্থিত ছিলেন। আবার শুধু তিনিই নয়, বিগত দু'বছরে বিশ্ববিদ্যালয় থেকে যে অধ্যাপক এবং

অভিনব পদক্ষেপ

■ অবসরপ্রাপ্ত অধ্যাপকের নামে আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয় চত্বরে গাছ

■ গাছে লাগানো হবে অধ্যাপকের নামের বোর্ড

■ বিশ্ববিদ্যালয়ের কর্মীরা গাছগুলির দেখভাল করবেন

■ অবসরপ্রাপ্ত শিক্ষকদের মনে রাখার অভিনব উদ্যোগ

